

দরকারি সেবা কিছু অ্যাপ

অ্যাপের দুনিয়ায় নতুন নতুন অ্যাপের আগমন অব্যাহত আছে বরাবরের মতোই। হাজারো অ্যাপের ভিড়ে দরকারি অ্যাপগুলোর হারিয়ে যাওয়া অস্বাভাবিক নয়। তাই দরকারি অ্যাপের এ তালিকা থেকে আমরা জেনে নিতে পারব গত মাসে বাজারে আসা অসাধারণ কিছু অ্যাপ সম্পর্কে।

আনোয়ার হোসেন



বিটলি অ্যাপ

বিটলি ইউআরএল সংক্ষেপ করার অ্যাপ। এই অ্যাপটি ইউআরএল সংক্ষেপের বাইরেও অনেক কাজ করে থাকে। এর সাহায্যে লিঙ্ক বানানো যাবে, সে লিঙ্ক শেয়ার করা যাবে এবং সেসব লিঙ্ক কেমন পারফর্ম করছে সে সংক্রান্ত তথ্যও ট্র্যাক করা যাবে। আপনার লিঙ্কগুলোতে কারা ক্লিক করছে, তারা কোন কোন ওয়েবসাইট ব্যবহার করছে, এমনকি তারা কতগুলো ক্লিক করছে এরকম সব তথ্যও জানা যাবে। বিটলি ডেস্কটপ ভার্সনের (<https://bitly.com/>) সব সুবিধা পাওয়া যাবে এই অ্যান্ড্রয়েড অ্যাপ থেকে। লিঙ্ক কপি বা কাস্টোমাইজড করে সে লিঙ্ক সরাসরি আপনার ফোন থেকে শেয়ার করতে পারবেন। ক্লিক বাড়ানোর জন্য বড় লিঙ্ক বাধাস্বরূপ। এর জন্য ছোট লিঙ্ক এবং লিঙ্ক ব্র্যান্ডিং করা জরুরি। এর ড্যাশ বোর্ড থেকে জানা যাবে অডিয়েন্সদের ব্যস্ত থাকা সময়টা যাতে সঠিক সময়ে কনটেন্ট পোস্ট করতে পারেন।



কেনডিড

বিভিন্ন ফোরাম বা সোশ্যাল মিডিয়া সাইটগুলোতে অন্য সবাই বা বন্ধুরা কীভাবে নেবে বা ভাববে ইত্যাদি চিন্তা করে বা অন্য সব কারণে আমরা যেমনটা বলতে চাই তা সব সময় বলা যায় না বা বলতে পারি না। এমনটা হলে ব্যবহার করতে পারেন কেনডিড অ্যাপটি। এই অ্যাপের সাহায্যে আপনি নিজের পরিচয় গোপন রেখে মন থেকে যা বলতে চান, তাই বলতে পারবেন। আপনার বন্ধুদের দেয়া পোস্টও দেখে নিতে

পোকলাইভ

গেমের জগতে আলোড়ন সৃষ্টি করা গেম পোকমেন গো এখনও গেমপ্রেমীদেরকে মাতিয়ে রেখেছে। এই গেমের ওয়াইল্ড পোকমেন শিকার করা বেশ বাক্সির ব্যাপার। কারণ, এজন্য তিন ধাপের বাগের বাধা পেরিয়ে আসতে হয়। ডেভেলপারেরা এর সমাধান করতে এগিয়ে এসেছেন পোকলাইভ অ্যাপ দিয়ে। এই অ্যাপের মাধ্যমে কাছাকাছির পোকমেনের হৃদিস পাওয়া যাবে। যদিও পোকমেন খোঁজার এরকম অ্যাপ আরও ডজনখানেক আছে। সেগুলোর সাথে এর পার্থক্য হচ্ছে, এ অ্যাপের সুবিধা নেয়ার জন্য আপনাকে লগইন করতে হবে না, যার মানে হলো আপনার অ্যাকাউন্টটি থাকবে নিরাপদ।



পারবেন তাদের অজান্তে তাদেরকে আপনার পরিচয় না প্রকাশ করেই। এর অর্থ এই নয়, আপনি নিজেকে গোপন রাখার এ সুবিধা নিয়ে যা খুশি করে যাবেন বা বলে বেড়ানেন, সেটা সম্ভব হবে না। সব কিছু সুন্দর, সভ্য রাখার জন্য এবং অপব্যবহার রুখতে আপনার আলাপচারিতা একজন মডারেটর নিয়ন্ত্রণ করবেন।

ডিসকগস

সঙ্গীতপ্রেমীদের জন্য ভালো একটি অ্যাপ। আপনার গানের সংগ্রহশালা যদি বিশাল বড় হয়ে থাকে, তবে সেটা গুছিয়ে রাখা রীতিমতো বড় এক চ্যালেঞ্জ। আপনি সে দায়িত্ব ডিসকগসকে দিয়ে দিতে পারেন। এই অ্যাপটি আপনার সংগ্রহের সব গানের একটি তালিকা করে দিতে সাহায্য করবে। আপনি যদি কোনো গান কিনতে চান, তবে সে ব্যবস্থাও আছে এই অ্যাপে। পরে কেনার জন্য আপনি ওয়াটসঅপে পছন্দের গান যুক্ত করে দিতে পারেন। আবার সঙ্গীতের দুনিয়ায় নতুন কী এলো তার খোঁজ নেয়ার জন্য অ্যাপ থেকেই সার্চ করে দেখে নিতে পারেন নতুন গান। এই অ্যাপটি আপনাকে মানচিত্রের সাহায্যে মিউজিক স্টোরের অবস্থান দেখাবে।



রাজার গো

পোকমেন গো গেমের বড় অ্যাপের দুনিয়ায় চলছেই। আপনি যদি পোকমেন গো গেমের ভক্ত হয়ে থাকেন, তবে আপনার কাছাকাছি অবস্থান করা অন্য সব খেলোয়াড়ের



হামজা গেমসের নতুন অ্যাপ

বাংলাদেশী প্রতিষ্ঠান হামজা গেমস তৈরির এক মজার অ্যাপ। এর মাধ্যমে আপনার ও আপনার ভালোবাসার মানুষের ভালোবাসার পরিমাণ ক্যালকুলেট করবে এটি।

অ্যাপটির নাম Real Zudaic Love Calculator, ডাউনলোড লিঙ্ক অ্যান্ড্রয়েড : <https://play.google.com/store/apps/details?id=air.bestlovecalculator>, ডাউনলোড লিঙ্ক আইওএস : <https://itunes.apple.com/app/id1142125805>

কীভাবে কাজ করে এই অ্যাপ

শুরুতেই অ্যাপটি আপনার কাছে কিছু তথ্য জানতে চাইবে। যেমন- আপনার নাম, জন্ম তারিখ এবং আপনার ভালোবাসার মানুষের নাম, জন্ম তারিখ। এরপর অ্যাপটি আপনার দেয়া তথ্য ভেরিফাই ও আপনাদের রাশি বের করবে। এরপর আপনাদের নাম ও রাশির সমন্বয়ে এই অ্যাপের স্পেশাল অ্যালগরিদমের সাহায্যে বের করবে আপনাদের দুইজনের মধ্যে ভালোবাসার পরিমাণ।

যেভাবে ব্যবহার করবেন

শুরুতেই আপনার ও আপনার ভালোবাসার মানুষের নাম আর জন্মদিন ফর্মে এন্ট্রি দিন। ক্যালকুলেট বাটনে প্রেস করুন। ব্যাস, হয়ে গেল। বাকি কাজ অ্যাপ নিজেই করবে। আপনাদের রাশি বের করে, নাম আর রাশির সমন্বয়ে আপনাদের মধ্যে ভালোবাসার পরিমাণ দেখাবে। আপনি এই স্কোর ফেসবুক, টুইটারে শেয়ার করতে পারেন।

অর্থাৎ আইওএস অথবা অ্যান্ড্রয়েড যেকোনো ডিভাইসে এই অ্যাপটির সুবিধা নেয়া যাবে এবং অ্যাপটি সম্পূর্ণ ফ্রি।



সাথে আলাপ করার সুপ্ত ইচ্ছেটি আপনার থাকবেই। এই সুবিধাটিই নিয়ে এসেছে রাজার গো অ্যাপটি। এর সাহায্যে আপনি স্থানীয় টিমমেটদের সাথে চ্যাট করতে পারবেন। শুধু স্থানীয় পর্যায়ে নয়, আপনি চাইলে কোনো নির্দিষ্ট অঞ্চল বা বিশ্বব্যাপী চ্যাট এলাকা খুলে নিতে পারেন।

স্ট্রম ইট

টুইটারে অভ্যস্ত হয়ে গেলে আপনি হয়তো মাঝে মাঝেই 180 সংখ্যার সীমাবদ্ধতার জন্য মনের কথা বা আপনি যা বলতে চান তার সব লিখতে বা বলতে পারেন না। এর সমাধান হতে পারে স্ট্রম ইট অ্যাপটি। এর সাহায্যে আপনি টুইটারে যত বড় ইচ্ছে পোস্ট দিতে পারবেন। এজন্য আপনাকে যা করতে হবে তা হলো, আপনার বক্তব্য অ্যাপের সাহায্যে স্ট্রম ইট করে টুইটারে পোস্ট করা। অ্যাপটি আপনার বক্তব্যকে ভেঙে একাধিক পোস্ট আকারে টুইটারে পোস্ট করে দেবে

